UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**
**Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com**

***Ref:*** ***Date:*** *১০ জুলাই ২০২৪*

# প্রেস বিজ্ঞপ্তি

## সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে বিভিন্ন জায়গায় সড়কে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে ইউপিডিএফ

আদালতের মাধ্যমে সিএইচটি রেগুলেশন ১৯০০ বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি ও রাঙামাটির বিভিন্ন স্থানে সড়কে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে।

আজ বুধবার (১০জুলাই ২০২৪) সকাল ১০টা থেকে ১২:৩০টার মধ্যে খাগড়াছড়ি-চট্টগ্রাম-ঢাকা মহাসড়কের কাসেম স' মিল, রামগড় ও মানিকছড়িতে, দীঘিনালা-বাবুছড়া সড়কে, খাগড়াছড়ি-পানছড়ি সড়কের পানছড়ি কলেজ গেইটে, রাঙামাটি-চট্টগ্রাম মহাসড়কের বেতবুনিয়া ও শিমূলতলী বেতার কেন্দ্র এলাকায় এবং বাঘাইছড়ির সাজেক পর্যটন সড়কে শান্তিপূর্ণ অবস্থান ধর্মঘট কর্মসূচি পালিত হয়। এতে কয়েক হাজার মানুষ অংশগ্রহণ করেন।

অবস্থান ধর্মঘটের সময় এসব সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

অবস্থান কর্মসূচিতে বক্তারা বলেন, বাংলাদেশের শাসকগোষ্ঠি তথা সরকার পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জাতিসত্তাগুলোর অস্তিত্ব বিলীন করে দিতে নানা চক্রান্ত জারি রেখেছে। উচ্চ আদালতে পার্বত্য চট্টগ্রাম রেগুলেশন ১৯০০ এর রিভিউ পিটিশন দাখিল ও কিছু শব্দ ও বাক্যাংশ বাদ দেয়ার জন্য এটর্নি জেনারেলের আবেদন এই চক্রান্তের সর্বশেষ সংযোজন।

তারা আরো বলেন, ব্রিটিশ শাসকদের প্রণীত ১৯০০ সালের পার্বত্য চট্টগ্রাম রেগুলেশনে পাহাড়িদের কিছু অধিকার দেয়া হয়। কিন্তু ভারত ভাগের পর পাকিস্তান ও বাংলাদেশ আমলে শাসকগোষ্ঠী এই আইনটি একটি বিশেষ জাতিগোষ্ঠীর স্বার্থে বেশ কয়েকবার সংশোধন করে পাহাড়িদের ওই অধিকার হরণ করে। বর্তমানে সরকার সুকৌশলে আদালতকে ব্যবহার করে এই রেগুলেশনটি একেবারে বাতিল অথবা অকার্যকর করার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে।

পার্বত্য চট্টগ্রামে পাহাড়ি জনগণ যুগ যুগ ধরে নিজেদের প্রথাগত আইন মেনে এ অঞ্চলে বসবাস করে আসছে মন্তব্য করে বক্তারা বলেন, 'সরকার যদি এই সিএইচটি রেগুলেশন বাতিল ও রাজা-হেডম্যান-কার্বারীর পদ বিলুপ্ত করে প্রথাগত রীতি-নীতি পদ্ধতি ও অধিকার হরণ করতে চায় তাহলে পার্বত্য চট্টগ্রামের জনগণ তা

কখনই মেনে নেবে না। ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনগুলো জনগণকে সাথে নিয়ে আরো কঠোর আন্দোলন গড়ে তুলবে।'

অবস্থান ধর্মঘট  কর্মসূচি থেকে অবিলম্বে সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধ করে আইনটি বলবৎ রাখার পদক্ষেপ গ্রহণ করা, পাহাড়িদের প্রথাগত ভূমি অধিকারের সাংবিধানিক স্বীকৃতি, পার্বত্য চট্টগ্রাম থেকে সেনা শাসন তুলে নেয়া, সেটলার বাঙালিদের সমতলে সম্মানজনক পুনর্বাসন ও পার্বত্য চট্টগ্রামে স্থায়ী শান্তির স্বার্থে পূর্ণস্বায়ত্তশাসন মেনে নেয়ার জন্য সরকারের প্রতি দাবি জানানো হয়।

অবস্থান ধর্মঘটে "পাহাড়িদের প্রথাগত শাসন ব্যবস্থা মেনে নিতে হবে; পার্বত্য চট্টগ্রাম শাসন বিধি ১৯০০ বাতিলের ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াও; পার্বত্য চট্টগ্রামের বিশেষ শাসন ব্যবস্থা মেনে নাও; রাজা-হেডম্যান-কারবারী প্রথা বাতিল করা যাবে না; পূর্ণস্বায়ত্তশাসনই পার্বত্য চট্টগ্রামের একমাত্র রাজনৈতিক সমাধান; পার্বত্য চট্টগ্রাম শাসন বিধি ১৯০০ আমার রক্ষাকবচ;  পাহাড়িদের প্রথাগত অধিকারের স্বীকৃতি দিতে হবে; পার্বত্য চট্টগ্রামে ভূমি বেদখল বন্ধ কর; পাহাড় থেকে সেনাশাসন তুলে নাও; সেটলারদের সমতলে সম্মানজনক পুনর্বাসন কর; ভূমি বেদখল বন্ধ কর, বেদখলকৃত জমি ফেরত দাও;  Stop conspiracy to repeal CHT Regulation; No to Military Rule in CHT; We Want Full Autonomy in CHT" ইত্যাদি শ্লোগান সম্বলিত প্ল্যাকার্ড প্রদর্শন করা হয়।

**খাগড়াছড়ি সদরঃ**

"পূর্ণস্বায়ত্তশাসনই পার্বত্য চট্টগ্রামের একমাত্র রাজনৈতিক সমাধান" এই শ্লোগানে আদালতের মাধ্যমে সিএইচটি রেগুলেশন ১৯০০ বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে খাগড়াছড়ি জেলা সদরের কাসেম স'মিল-পেট্রোল পাম্পের সামনে খাগড়াছড়ি টু ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে শান্তিপূর্ণ অবস্থান ধর্মঘট ও বিক্ষোভ কর্মসূচি পালন করে ইউপিডিএফ খাগড়াছড়ি ইউনিট।

বুধবার (১০ জুলাই) সকাল ১০:৪৫টা থেকে ঘন্টাব্যাপী অবস্থান ধর্মঘট পালনের সময় পেট্রোল পাম্প থেকে খাগড়াছড়ি গেট ও পেট্রোল পাম্প থেকে খাগড়াছড়ি চেঙ্গী ব্রীজ পর্যন্ত শত শত গাড়ি আটকা পড়ে।

অবস্থান ধর্মঘট কর্মসূচিতে বক্তব্য রাখেন ইউপিডিএফ-এর খাগড়াছড়ি উপজেলা ইউনিটের সংগঠক লালন চাকমা, পার্বত্য চট্টগ্রাম নারী সংঘের কেন্দ্রীয় সভাপতি কনিকা দেওয়ান, হিল ইউমেন্স ফেডারেশনের জেলা আহ্বায়ক এন্টি চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষেদের জেলা সভাপাতি শান্ত চাকমা।

শান্তিপূর্ণ অবস্থান ধর্মঘট শেষে পেট্রোল পাম্প এলাকা থেকে মিছিল নিয়ে বাস টার্মিনাল, চেঙ্গী স্কোয়ার উপজেলা গেট হয়ে স্বনির্ভরে গিয়ে শেষ হয় এবং এরপর সেখানে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

উক্ত অবস্থান ধর্মঘট ও বিক্ষোভ কর্মসূচিতে দেড় হাজারের অধিক ছাত্র-ছাত্রী ও নারী-পুরুষ অংশগ্রহণ করেন।

**দীঘিনালাঃ**

আদালতের মাধ্যমে সিএইচটি রেগুলেশন ১৯০০ বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে খাগড়াছড়ির দীঘিনালায় সড়কে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) দীঘিনালা ইউনিট।

আজ বুধবার (১০ জুলাই ২০২৪) সকাল ১০টা হতে ১২টা পর্যন্ত দীঘিনালা উপজেলার বাবুছড়া সড়কে এই অবস্থান ধর্মঘট পালন করা হয়।

অবস্থান ধর্মঘটে সভাপতিত্ব করেন ইউপিডিএফ'র দীঘিনালা ইউনিটে সমন্বয়ক মিলটন চাকমা ও সঞ্চালনা করেন দীপন চাকমা।

এতে আরও উপস্থিত ছিলেন ৫১ নং দীঘিনালা মৌজা হেডম্যান প্রান্তর চাকমা, ৪৭ নং ধনপাদা মৌজা হেডম্যান যুব লক্ষণ চাকমা, অবসরপ্রাপ্ত শিক্ষক আনন্দ মোহন চাকমা, দীঘিনালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চন্দ্র রঞ্জন চাকমা, ৫ নং বাবুছড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বাবু গগন বিকাশ চাকমা প্রমুখ।

অবস্থান ধর্মঘট কর্মসূচিতে এলাকার জনসাধারণ অংশগ্রহণ করেন।

**রামগড়ঃ**

একই দাবিতে খাগড়াছড়ির রামগড়ে পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি), গণতান্ত্রিক যুব ফোরাম (ডিওয়াইএফ) ও পার্বত্য চট্টগ্রাম নারী সংঘের উদ্যোগে খাগড়াছড়ি টু ঢাকা মহাসড়কে শান্তিপূর্ণ অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করা হয়।

দুপুর সাড়ে ১২টার সময় রামগড় উপজেলা সদরের দাতারাম পাড়া মুখ এলাকায় শত শত জনতা খাগড়াছড়ি টু ঢাকা মহাসড়কে অবস্থান নেয়। এর ফলে সড়কে গাড়ি চলাচল বন্ধ হয়ে যায়।

অবস্থান কর্মসূচি পালনের সময় বৃষ্টি শুরু হলেও অংশগ্রহণকারী জনতা তাদের অবস্থানে অনড় ছিলেন।

এ সময় বক্তব্য রাখেন বক্তব্য রাখেন পিসিপির খাগড়াছড়ি জেলা শাখার সদস্য নয়ন চাকমা, রামগড় উপজেলা শাখার সভাপতি বাহাদুর ত্রিপুরা ও সাধারণ সম্পাদক তৈমাং ত্রিপুরা।

**মানিকছড়িঃ**

আদালতের মাধ্যমে সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে খাগড়াছড়ির মানিকছড়িতে খাগড়াছড়ি টু চট্টগ্রাম মহাসড়কে শান্তিপূর্ণ অবস্থান ধর্মঘট করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) মানিকছড়ি ইউনিট।

আজ বুধবার (১০ জুলাই) সকাল ১০:৩০টার সময় মানিকছড়ি গিরিমৈত্রী সরকারি ডিগ্রী কলেজের সামনে এই অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করা হয়।

এতে ইউপিডিএফ মানিকছড়ি ইউনিটের সমন্বয়ক ক্যহ্লাচিং মারমা সভাপতিত্বে ও গণতান্ত্রিক যুব ফোরামের বৃহত্তর বাটনাতলী ইউনিয়ন সভাপতি অংথোই মারমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফ মানিকছড়ি ইউনিট সংগঠক নিশান মারমা, পিসিপি মানিকছড়ি উপজেলা সাবেক সভাপতি অংহ্লাচিং মারমা, আগা ওয়াকছড়ি গ্রামের সুইজাই কার্বারী, মনাছড়ি গ্রামের নিঅংগ্য কার্বারী, কালাপানি গ্রামের ক্রিঅং কার্বারী, পিসিপি মানিকছড়ি উপজেলা সাধারণ সম্পাদক অংসালা মারমা, গণতান্ত্রিক যুব ফোরাম মানিকছড়ি উপজেলা সভাপতি অংচাই রোয়াজা।

**পানছড়িঃ**

আদালতের মাধ্যমে সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে আজ বুধবার (১০ জুলাই ২০২৪) সকালে খাগড়াছড়ির পানছড়ি উপজেলার কলেজ গেট এলাকায় সড়কে 'পানছড়ি সচেতন নাগরিক সমাজ' এর ব্যানারে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করা হয়। এতে এলাকার জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনসাধারণ অংশগ্রহণ করেন।

**রাঙামাটি সদরঃ**

আদালতের মাধ্যমে সিএইচটি রেগুলেশন ১৯০০ বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি), গণতান্ত্রিক যুব ফোরাম, হিল উইমেন্স ফেডারেশন ও পার্বত্য চট্টগ্রাম নারী সংঘের যৌথ উদ্যোগে রাঙামাটি-চট্টগ্রাম মহাসড়কের বেতার কেন্দ্র এলাকায় অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করা হয়।

দুপুর ১২টায় অনুষ্ঠিত অবস্থান কর্মসূচিতে সংক্ষিপ্ত বক্তব্য দেন হিল উইমেন্স ফেডারেশনের জেলা সভাপতি রিমি চাকমা ও পিসিপি'র জেলা সভাপতি তনুময় চাকমা।

প্রশাসনের বাধা উপেক্ষা করে প্রায় ঘন্টাখানেক তারা সড়কে অবস্থান নেন। এতে রাঙামাটি-চট্টগ্রাম সড়কে সকল প্রকার যান চলাচল বন্ধ হয়ে যায়।

**কাউখালী (রাঙামাটি):**

একই দাবিতে বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি), গণতান্ত্রিক যুব ফোরাম (ডিওয়াইএফ), হিল উইমেন্স ফেডারেশন (এইচডব্লিউএফ) ও পার্বত্য চট্টগ্রাম নারী সংঘ রাঙামাটি-চট্টগ্রাম মহাসড়কের বেতবুনিয়া বাজারে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করে।

পুলিশের বাধা ও ঝড়-বৃষ্টি উপেক্ষা করে বেলা ১১.৩০ টা হতে ১২:৩০টা পর্যন্ত অনুষ্ঠিত এ অবস্থান ধর্মঘটের কারণে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

এ সময় উপস্থিত ছিলেন বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের কেন্দ্রীয় সহ-সাধারণ সম্পাদক নিকন চাকমা, হিল উইমেন্স ফেডারেশনের কেন্দ্রীয় সদস্য দয়া সোনা চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের

কাউখালি উপজেলা শাখা সভাপতি থুইনুমং মারমা ও পাহাড়ি ছাত্র পরিষদের কাউখালি উপজেলা শাখার সভাপতি দীপায়ন চাকমা।


**সাজেক:**

রাঙামাটির সাজেক পর্যটন সড়কে সিএইচটি রেগুলেশন বাতিলের ষড়যন্ত্র বন্ধের দাবিতে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালিত হয়েছে।

আজ ১০ জুলাই ২০২৪, বুধবার সাজেকের মাচলঙে ইউপিডিএফ, পাহাড়ি ছাত্রত পরিষদ, গণতানিত্রক যুব ফোরাম, হিল উইমেন্স ফেডারেশন ও পার্বত্য চট্টগ্রাম নারী সংঘ যৌথ উদ্যোগে এই অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করা হয়।

এতে ইউপিডিএফ সংগঠক রিয়েল চাকমা সভাপতিত্বে ও গণতান্ত্রিক যুব ফোরামের বাঘাইছড়ি সভাপতি বীর চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ (পিসিপি)-এর বাঘাইছড়ি উপজেলা সভাপতি প্রকাশ চাকমা, হিল উইমেন্স ফেডারেশন বাঘাইছড়ি উপজেলা শাখার সহ-সভাপতি সুখী চাকমা, সাজেক মাচালং কারবারি ফুলেশ চাকমা, সাজেক মাচালং গণঅধিকার রক্ষা কমিটির আহ্বায়ক মেহেন্দ্র ত্রিপুরা, সাজেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অতুলাল চাকমা ও ইউপিডিএফের রাঙামাটি জেলা সংগঠক ডায়মন্ড চাকমা।

বার্তা প্রেরক



**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।